গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৫৭.২২.০৪৮.১৮- ১৬৬৬

তারিখঃ ১২/১২/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ ১৬ ডিসেম্বর "মহান বিজয় দিবস-২০২৪" উদ্‌যাপন।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩ নভেম্বর ২০২৪ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪.৩৬ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত "মহান বিজয় দিবস-২০২৪" উদ্‌যাপন সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৪(৩), ৪(৮) এবং ৪(১৯) অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১২.২০২৪
(মুশতানজিদা পারভীন)
উপসচিব
উপপরিচালক (সাধারণ)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৩৯৯
ইমেইলঃ **ddg@ngoab.gov.bd**

নির্বাহী প্রধান/নির্বাহী পরিচালক/কান্ট্রি ডিরেক্টর
.....................................
.....................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহনপুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

## মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ইসরাত চৌধুরী<br>সচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২১ অক্টোবর ২০২৪, সকাল ১১:০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। এ সভায় জনাব ফারুক ই আজম, মাননীয় উপদেষ্টা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকায় সভাপতি তাঁর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সভার শুরুতে তিনি বলেন, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২৪ আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য এ সভার মাধ্যমে কর্মসূচি নির্ধারণ করা হবে।

২.০। প্রধান অতিথি বলেন, বাঙালি জাতি মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগ এবং অসীম বীরত্ব প্রদর্শন করে মহান বিজয় অর্জন করেন। বাঙালি জাতির অন্যতম শ্রেষ্ঠ অর্জন আমাদের মহান মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধ যদিও ২৬ মার্চ হতে শুরু হয়েছে, তবে পরিপূর্ণভাবে আমরা হানাদার মুক্ত হয়েছি ১৬ ডিসেম্বর পাক হানাদার বাহিনীর আত্মসমর্পণের মাধ্যমে। এই মহান বিজয় দিবস প্রতিবছরই জাঁকজমকের সাথে উদযাপন করা হয়ে থাকে। কিন্তু এ বছর বিশেষ পরিস্থিতিতে কিছু প্রোগ্রাম সংক্ষিপ্ত করা হয়েছে। তবে বিজয় দিবস উদযাপনে সর্বস্তরের মানুষের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এবার চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের প্রদর্শনীর লক্ষ্যে একটি বিজয়মেলা আয়োজন করা যেতে পারে। অত:পর তিনি উপস্থিত সকল সদস্যকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের জন্য সুচিন্তিত পরামর্শ প্রদানের আহ্বান জানান এবং সভায় উপস্থিত সকলের আলোচনার মাধ্যমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে তিনি সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

৩.০। অতঃপর সভাপতি যুগ্মসচিব (প্রশাসন)-কে খসড়া কর্মসূচি পাঠ করার জন্য আহ্বান জানান। যুগ্মসচিব (প্রশাসন) ২০২৪ সালের মহান বিজয় দিবসের খসড়া জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

৪.০। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে মহান বিজয় দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি গ্রহণের বিষয়ে সর্বসম্মতভাবে প্রস্তাব গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ১৬-১২-২০২৪ | মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ। এছাড়া সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধান উপদেষ্টার প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর। |
| ২. | ১৬-১২-২০২৪ | মহান বিজয় দিবস উদযাপনের জন্য সাধারণ ছুটি ঘোষণা। | জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৩. | ১৬-১২-২০২৪ (পতাকা বিধি অনুযায়ী) | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।<br>খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন।<br>গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/সোহরাওয়ার্দী উদ্যান/মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনাসমূহে আলোকসজ্জা (পরিস্থিতি বিবেচনায় এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা | ক) মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ এবং বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| | | যাবে)।<br>ঘ) জেলা ও উপজেলা পর্যায়ে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন।<br>ঙ) বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে জাতীয় পতাকা উত্তোলন। | খ) প্রশাসক, উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।<br>গ) বিদ্যুৎ বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রশাসক পৌরসভা, সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ এবং বেসরকারি প্রতিষ্ঠান/ ভবনসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক।<br>ঘ) জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>ঙ) পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৪. | ১৬-১২-২০২৪ | ক) সূর্যোদয়ের সাথে সাথে ঢাকায় একত্রিশবার তোপধ্বনি।<br>খ) সূর্যোদয়ের সাথে সাথে দেশের সকল জেলা ও উপজেলায় একত্রিশবার তোপধ্বনি। | ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়/সশস্ত্র বাহিনী বিভাগ।<br>খ) জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ পুলিশ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), অফিসার ইনচার্জ (সকল)। |
| ৫. | ১৬-১২-২০২৪ (সূর্যোদয়ের সাথে সাথে) | সাভারে জাতীয় স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | রাষ্ট্রপতির কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার ঢাকা, মহাপরিচালক, বিটিভি ও বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |
| ৬. | ১৬-১২-২০২৪ (সূর্যোদয়ের সাথে সাথে) | সাভারে জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। | প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপরিচালক, বিটিভি ও বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক, ঢাকা, পুলিশ সুপার, ঢাকা। |
| ৭. | ১৬-১২-২০২৪ | ক) জাতীয় স্মৃতিসৌধ, সাভারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার নেতৃত্বে উপস্থিত বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্যবৃন্দ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীর মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।<br>খ) বাংলাদেশে অবস্থিত বিদেশি কূটনীতিকগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ।<br>গ) সাভারগামী দু'টি রাস্তার (ঢাকা-আরিচা এবং ঢাকা-আশুলিয়া-সাভার) প্রয়োজনীয় সংস্কার/উন্নয়ন। | ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।<br>খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ।<br>গ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর। |
| ৮. | ১৬-১২-২০২৪ | ক) দেশের সকল জেলা এবং উপজেলায় দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন।<br>খ) শিশুদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | ক) জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), শিল্পকলা একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ইসলামিক ফাউন্ডেশন, জয়িতা ফাউন্ডেশন, এস.এম.ই ফাউন্ডেশন, এনজিও বিষয়ক ব্যুরো।<br>খ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন, শিল্পকলা একাডেমি। |
| ৯. | ১৬-১২-২০২৪ | চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশালসহ বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের সমন্বয়ের মাধ্যমে এককভাবে/যৌথভাবে এবং চাঁদপুরে ও মুন্সীগঞ্জ | নৌ-পরিবহন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ কোস্টগার্ড। |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ এককভাবে দুপুর ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা। | |
| ১০. | ১৬-১২-২০২৪ (সুবিধাজনক সময়ে) | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্রীড়া অনুষ্ঠান (T-20 ক্রিকেট টুর্নামেন্ট/নৌকা বাইচ (যেখানে সম্ভব)/ফুটবল/কাবাডি/হা-ডু-ডু খেলা) এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, জাতীয় ক্রীড়া পরিষদ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১১. | ১৬-১২-২০২৪ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ১২. | ১৬-১২-২০২৪ | ঢাকাসহ দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র/ছাত্রীদের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং দেশের সর্বত্র মিলনায়তনে/উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা তথ্য কর্মকর্তা (সকল), মুক্তিযুদ্ধ জাদুঘর। |
| ১৩. | ১৬-১২-২০২৪ | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৪. | ১৬-১২-২০২৪ | ক) জেলা ও উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন।<br>খ) দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র এরং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে বিশেষ খাবার সরবরাহ। | ক) জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষাসেবা বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ১৫. | ১৬-১২-২০২৪ | বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান। | রাষ্ট্রপতির কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। |
| ১৬. | ১৬-১২-২০২৪ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন (বিদেশী অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের অংশগ্রহণে)। | পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ১৭. | ১৬-১২-২০২৪ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহা সড়ক বিভাগ, সেতু বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন পরিষদ। |
| ১৮. | ১৬-১২-২০২৪ | ক) দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা | ক) স্থানীয় সরকার বিভাগ, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা।<br>খ) দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ।<br>খ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ১৯. | ১৬-১২-২০২৪ | সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, এনজিও বিষয়ক ব্যুরো, সশস্ত্র বাহিনী বিভাগ, বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার। |
| ২০. | ১৬-১২-২০২৪ | সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর। |

৪.০১ উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

৪.০২ আগামী ১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবসের জাতীয় কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ৩টি উপকমিটি গঠনের প্রস্তাব করা হয়:

(ক) মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটি:

| ক্রমিক | পদবি, মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১. | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২. | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ | - | সদস্য |
| ৩. | সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ | - | সদস্য |
| ৪. | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. | সচিব, বিদ্যুৎ বিভাগ | - | সদস্য |
| ৬. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | সদস্য |
| ৯. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| ১০. | সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১১. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| ১২. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৩. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৪. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - | সদস্য |
| ১৫. | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৬. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৭. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | - | সদস্য |
| ১৮. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৯. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - | সদস্য |
| ২০. | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | | |

| | | | |
|---|---|---|---|
| ২১. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ২২. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৩. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৪. | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৫. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | - | সদস্য |
| ২৬. | মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ | - | সদস্য |
| ২৭. | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | - | সদস্য |
| ২৮. | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর | - | সদস্য |
| ২৯. | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ | - | সদস্য |
| ৩০. | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | - | সদস্য |
| ৩১. | মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড | - | সদস্য |
| ৩২. | বিভাগীয় কমিশনার, ঢাকা | - | সদস্য |
| ৩৩. | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | - | সদস্য |
| ৩৪. | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - | সদস্য |
| ৩৫. | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | - | সদস্য |
| ৩৬. | প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | - | সদস্য |
| ৩৭. | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | - | সদস্য |
| ৩৮. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | - | সদস্য |
| ৩৯. | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৪০. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪১. | মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন সংক্রান্ত সকল কমিটি/উপ-কমিটির আহবায়ক | - | সদস্য |
| ৪২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | সদস্য |
| ৪৩. | রাষ্ট্রপতির কার্যালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৪. | প্রধান উপদেষ্টার কার্যালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৫. | মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৬. | জনপ্রশাসন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৭. | প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৮. | অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৪৯. | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি (যুগ্মসচিব এর নিম্নে নহে) | - | সদস্য |
| ৫০. | সেনা, নৌ ও বিমান বাহিনীর একজন করে উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫১. | পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা এর উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫২. | ৯ম পদাতিক ডিভিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫৩. | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ৫৪. | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ৫৫. | যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(১) কমিটি মহান বিজয় দিবসের কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক তদারকি, প্রয়োজনীয় সমন্বয় এবং বাস্তবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৩) স্টিয়ারিং কমিটি অন্যান্য কমিটির সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/পরামর্শ প্রদান করবে।

(খ) মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণ কমিটি:

| ক্রমিক | পদবী, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১. | জিওসি ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ সেনাবাহিনী, সাভার, ঢাকা | - | আহ্বায়ক |
| ২. | রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩. | প্রধান উপদেষ্টার কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫. | জননিরাপত্তা বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | সুরক্ষা সেবা বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯. | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১০. | বাংলাদেশ সেনাবহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১. | বাংলাদেশ নৌবাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২. | বাংলাদেশ বিমান বাহিনী এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩. | রেক্টর, বিপিএটিসি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য |
| ১৫. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, ঢাকা জোন | - | সদস্য |
| ১৬. | মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা) | - | সদস্য |
| ১৭. | প্রশাসক/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ১৮. | উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | - | সদস্য |
| ১৯. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | - | সদস্য |
| ২০. | জেলা প্রশাসক, ঢাকা | - | সদস্য |
| ২১. | প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা | - | সদস্য |
| ২২. | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ২৩. | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ২৪. | প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | - | সদস্য |
| ২৫. | উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা | - | সদস্য |
| ২৬. | উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা রেঞ্জ, ঢাকা | - | সদস্য |
| ২৭. | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

(১) সাভার জাতীয় স্মৃতিসৌধে সশস্ত্র অভিবাদন ও পুষ্পস্তবক অর্পণের সার্বিক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও সমন্বয় সাধন।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

গ) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রস্তুতকরণ, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান, বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচার, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা ও বিশেষ ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি:

| ক্রমিক | পদবি, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২. | রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৩. | প্রধান উপদেষ্টার কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | উপসচিব (ইতিহাস সংরক্ষণ, গবেষণা ও প্রকাশনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল | - | সদস্য |
| ৮. | পিআইডি এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯. | তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১০. | গণযোগাযোগ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১১. | বাংলাদেশ টেলিভিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১২. | বাংলাদেশ বেতার এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩. | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

(১) মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি/মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রস্তুতকরণ এবং প্রচারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(২) পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানসহ মহান বিজয় দিবসের বিভিন্ন অনুষ্ঠান বেতার ও টেলিভিশনে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।

(৩) বেতার ও টেলিভিশনে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

(৪) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

(৫) মহান বিজয় দিবস উপলক্ষ্যে সরকারি/বেসরকারি বেতার টেলিভিশনের বিভিন্ন আলোচনা অনুষ্ঠান মনিটরিং।

(৬) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

বিঃ দ্রঃ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তাঁর মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে উক্ত উপকমিটির আহবায়কের দায়িত্ব অর্পণ করবেন।

ঘ) জাতীয় কর্মসূচি বাস্তবায়নে নিরাপত্তা, ট্রাফিক ও পুলিশ ব্যবস্থাপনা সংক্রান্ত উপকমিটি:

| ক্রমিক | পদবি, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (ক্রাইম এন্ড অপস), বাংলাদেশ পুলিশ | - | আহ্বায়ক |
| ২. | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা | - | সদস্য |
| ৩. | প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ | - | সদস্য |
| ৪. | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫. | ডিআইজি, (ঢাকা রেঞ্জ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | স্পেশাল ব্রাঞ্চ এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৯. | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১০. | উপপুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা | - | সদস্য |
| ১১. | জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা | - | সদস্য |
| ১২. | র‍্যাপিড একশন ব্যাটালিয়ন, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪. | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫. | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৮. | স্বাস্থ্য অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৯. | গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২০. | সড়ক ও জনপদ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২১. | অধিনায়ক, আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | - | সদস্য |
| ২২. | অধিনায়ক, ৯ এমপি ইউনিট, সাভার সেনানিবাস | - | সদস্য |
| ২৩. | প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা | - | সদস্য |
| ২৪. | কমিটির আহবায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

(১) জাতীয় কর্মসূচি বাস্তবায়নে সার্বিক নিরাপত্তা, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা ও পুলিশের কর্মবন্টনের যাবতীয় কার্যক্রম গ্রহণ, তদারকি ও সমন্বয়।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৬) মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ উপকমিটি:

| ক্রমিক | পদবি, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩. | উপসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| ৪. | উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. | উপসচিব (প্রশাসন-৩), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ৬. | জনপ্রশাসন মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ৭. | প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ৮. | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব/পরিচালকের নিম্নে নয়) | - | সদস্য |
| ৯. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ১০. | মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | - | সদস্য |
| ১১. | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

(১) আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত কার্যক্রম তদারকি ও সমন্বয়।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫.০। আলোচনা ও সিদ্ধান্ত:

৫.০১ জাতীয় কর্মসূচির ১ ক্রমিকে বর্ণিত মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করতে হবে। এছাড়া সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বাণী প্রস্তুতকরণের বিষয়ে সভাপতি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধিকে সার্বিক প্রস্তুতি গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার নির্দেশনা প্রদান করেন।

৫.০২ জাতীয় কর্মসূচির ২ ক্রমিকে বর্ণিত সাধারণ ছুটির বিষয়ে সভায় জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয় দিবসটিকে সাধারণ ছুটি হিসাবে ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ঐদিন সাধারণ ছুটি থাকলেও সকল সরকারি ও বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানে মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠান অয়োজন এবং উক্ত অনুষ্ঠানসমূহে সকলের উপস্থিতি নিশ্চিতকরণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি সাধারণ ছুটির এ দিবসটি যথাযথ মর্যাদার সাথে উদযাপনের জন্য সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচি পালনে অংশগ্রহণ নিশ্চিত করার আহবান জানান।

৫.০৩ জাতীয় কর্মসূচির ৩ (ক) ক্রমিকে বর্ণিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এর বিষয়ে সভায় জানানো হয়, জাতীয় পতাকাকে সম্মান জানানো আমাদের সকলের সাংবিধানিক দায়িত্ব। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পতাকার ব্যবহার, রং, পরিমাপ ইত্যাদি বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। এছাড়া পতাকা আইন যথাযথভাবে প্রতিপালনে জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণ তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবেন মর্মে সভাকে অবহিত করেন।

৫.০৪ ৩(খ) ক্রমিকে বর্ণিত ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে সভায় আলোচনা হয়। সরকার প্রচলিত পরিমাপ অনুযায়ী জাতীয় পতাকা তৈরি করে তা উত্তোলনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

৫.০৫ ৩(গ) ক্রমিকে বর্ণিত আলোকসজ্জা কর্মসূচির বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস হওয়ায় মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুযায়ী আগামী **১৫-১২-২০২৪ এবং ১৬-১২-২০২৪ (উভয় দিন)** সন্ধ্যা থেকে আলোকসজ্জা করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রশাসক, দেশের সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভার সম্মানিত প্রশাসকগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়। সভায় জাতীয় স্মৃতিসৌধ, সাভার, বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ, সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ পরিষ্কার-পরিচ্ছন্নসহ মেরামতের কাজ যথাযথভাবে সম্পাদন করার অনুরোধ জানানো হয়।

৫.০৬ ৪ (ক ও খ) নম্বর ক্রমিকে বর্ণিত কর্মসূচির মধ্যে ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনির বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান, যথাযোগ্য মর্যাদায় তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা হবে। সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে তোপধ্বনি কর্মসূচি বাস্তবায়নে জেলা ও উপজেলা প্রশাসনকে সহায়তা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন, মহান বিজয় দিবসের প্রত্যুষে সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টা জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত সময়ের পূর্বে দেশের অন্য কোন স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। তিনি স্থানীয় সময় অনুযায়ী তোপধ্বনির কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৫.০৭ ৩(ঘ) ক্রমিকে বর্ণিত জেলা ও উপজেলা পর্যায়ে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৫.০৮ জাতীয় কর্মসূচির ৫, ৬, ৭ ক্রমিকে বর্ণিত জাতীয় স্মৃতিসৌধ, সাভারে পুষ্পস্তবক অর্পণ বিষয়ে উপস্থিত সংশ্লিষ্ট প্রতিনিধিগণ জানান, জাতীয় কর্মসূচির অনুবৃত্তিক্রমে জেলা ও উপজেলা প্রশাসন মহান মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধে/শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সভায় মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য যে সকল কর্মসূচি গ্রহণ করা হবে সে সকল কর্মসূচি সরাসরি সম্প্রচার করার জন্য বাংলাদেশ বেতার ও টেলিভিশনকে অনুরোধ জানানো হয়। সভায় জানানো হয় যে, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রে মাননীয় প্রধান উপদেষ্টার আগমনের কমপক্ষে ৩০ মিনিট আগে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুস্পষ্ট নির্দেশনা থাকলেও অনেক অতিথি অনুষ্ঠান শুরুর পূর্বক্ষণে স্মৃতিসৌধে প্রবেশ করেন। এতে নিরাপত্তা ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। সভায় জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে ও রাস্তার দু'পাশে সকল অবৈধ ছাপড়া দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোস্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেডে তোরণ নির্মাণ করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এছাড়া, সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। মহান বিজয় দিবসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাতীয় স্মৃতিসৌধে দর্শনার্থীদের সমাগম হয় বিধায় দর্শনার্থীদের সুবিধা বিবেচনায় সাভার উপজেলা পরিষদ ও পৌরসভাকে মোবাইল টয়লেটের ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করা হয়।

৫.০৯ জাতীয় কর্মসূচির ৮(ক) নম্বর ক্রমিকে বর্ণিত দেশের সকল জেলা ও উপজেলায় দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন করতে হবে। এছাড়া ৮(খ) তে বর্ণিত দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের নিয়ে মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।

৫.১০ সভায় জাতীয় কর্মসূচির ৯ ক্রমিকে বর্ণিত চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়ণগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের সমন্বয়ে যৌথভাবে/এককভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

৫.১১ জাতীয় কর্মসূচির ১০ ক্রমিকে বর্ণিত জেলা ও উপজেলায় স্কুল, কলেজ, মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্রীড়া অনুষ্ঠান (T-20 ক্রিকেট টুর্নামেন্ট/নৌকা বাইচ (যেখানে সম্ভব)/ফুটবল/কাবাডি/হাডুডু ইত্যাদি খেলা) এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।

৫.১২ জাতীয় কর্মসূচির ১১ নম্বর ক্রমিকে বর্ণিত বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা ধারাবাহিকভাবে প্রচারের ওপর গুরুত্ব আরোপ করা হয়। যথাসময়ে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

৫.১৩ ১২ নম্বর ক্রমিকে বর্ণিত মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর বিষয়ে আলোচনা হয়। সিনেমা হলসমূহে বিনা টিকিটে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

৫.১৪ কর্মসূচির ১৩ ক্রমিকে বর্ণিত বিষয়ে জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির. গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.১৫ জাতীয় কর্মসূচির ১৪(ক) ক্রমিকে বর্ণিত জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধা, শহিদ পরিবার ও যোদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন এবং ১৪(খ) ক্রমিকে বর্ণিত দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে-কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র, শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে বিশেষ খাবার সরবরাহ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.১৬ জাতীয় কর্মসূচির ১৫ ক্রমিকে বর্ণিত বঙ্গভবনে অপরাহ্নে (রাষ্ট্রপতির কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে) বীরশ্রেষ্ঠ পরিবারের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে রাষ্ট্রপতির কার্যালয়ের প্রতিনিধি জানান, এ বিষয়ে একটি সভা আহ্বান করা হয়েছে। সিদ্ধান্ত হলে পরবর্তীতে জানানো হবে।

৫.১৭ জাতীয় কর্মসূচির ১৬ ক্রমিকে বর্ণিত বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের ইতিহাসভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের (বিদেশী অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) নির্দেশনা প্রদান করা হয়।

৫.১৮ জাতীয় কর্মসূচির ১৭ ক্রমিকে বর্ণিত ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক, সড়কদ্বীপসমূহ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকা ও রঙ্গিন নিশান দ্বারা সজ্জিতকরণের বিষয়টি গুরুত্ব সহকারে সভায় আলোচনা হয়। সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাভারগামী দু'টি রাস্তা (ঢাকা-আরিচা ও ঢাকা-আশুলিয়া-সাভার) সংস্কার ও মেরামত এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করার বিষয়ে পূর্ব হতেই যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া রাস্তার উভয় পাশের ঝোপ-জঙ্গল, আবর্জনা, পরিষ্কার করার জন্য সাভার সিটি কর্পোরেশন/পৌরসভা মেয়রের সহযোগিতা কামনা করা হয়। সভায় সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কে কোন প্রকার ফেস্টুন, পোস্টার, ব্যানার ওভারহেড তোরণ নির্মাণ না করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫.১৯ জাতীয় কর্মসূচির ১৮(ক) ক্রমিকে বর্ণিত দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা প্রসঙ্গে সভায় আলোচনা হয়। এছাড়াও দেশের সকল সরকারি/বেসরকারি চিড়িয়াখানা এবং উদ্যানসমূহ বিনা টিকিটে প্রদর্শনীর বিষয়েও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। এছাড়া ১৮(খ) তে বর্ণিত দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য অনুরোধ করা হয়।

৫.২০ জাতীয় কর্মসূচির ১৯ ক্রমিকে বর্ণিত বিনা টিকিটে সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখার বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

৫.২১ ২০ নম্বর ক্রমিকে বর্ণিত সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র ও বিশেষ নিবন্ধ প্রকাশ করা হবে। প্রকাশিতব্য ক্রোড়পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং সচিব এর বাণী প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

৬.০। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সকল কমিটি ও উপকমিটির সদস্যগণকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানানো হয় এবং মহান বিজয় দিবস ২০২৪ এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ই. চৌধুরী ২৭/১০/২০২৪

ইসরাত চৌধুরী
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়